বদরগঞ্জ উপজেলা পরিষদ

জেলাঃ রংপুর

## উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ মিজানুর রহমান
প্রশাসক
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ১০ জুলাই ২০২৫খ্রিঃ

সময় ঃ ১০.১৫ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, প্রকল্পের তালিকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ প্রদান করলে পরিকল্পনা প্রণয়নের জন্য যেমন সহজ হবে তেমনি টেন্ডার ও পিআইসি গঠন সহ যাবতীয় কর্মকান্ড পরিচালনা করা সহজ হবে। তিনি আরো বলেন, ইউজিডিপি-এর চতুর্থ রাউন্ডের জন্য রিকাস্ট অনুমোদন পাওয়া গেছে খুব শীঘ্রই সকল কার্যক্রম শুরু করা হবে। | বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যানদের প্রকল্প দ্রুত পাঠানোর ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ বদরগঞ্জ উপজেলার নির্দিষ্ট সড়কে স্ট্রীট সোলার প্যানেল স্থাপন**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলার উল্লেখিত গ্রামীণ রাস্তায় রাতের বেলা প্রায়শ চুরি ও ডাকাতির ঘটনা ঘটে থাকে। উক্ত রাস্তায় শিক্ষার্থী, মহিলা, প্রতিবন্ধী, ব্যবসায়ী এবং বিভিন্ন শ্রেণীর পেশাজীবী জনসাধারণ রাতের বেলায় চলাচলের জন্য প্রায়ই বিড়ম্বনার শিকার হন। এমতাবস্থায় উক্ত এলাকার জনগণ সকল আধুনিক সুবিধা হতে বঞ্চিত হচ্ছেন।<br><br>এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br>(ক) রাতের বেলা চুরি ও ডাকাতির সংখ্যা হ্রাস পাবে;<br>(খ) অর্থনৈতিক উন্নয়ন এবং নিরাপত্তার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে; | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নযন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| (গ) শিক্ষা, চিকিৎসা ও ব্যবসাসহ সকল আধুনিক সুবিধাপ্রাপ্তি সহজ হবে এবং অবকাঠামোগত ঘাটতি পূরণে সহায়ক হবে এবং<br>(ঘ) জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ০৭নং লক্ষ্যমাত্রা অর্জনে ভূমিকা রাখবে। | | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ মিজানুর রহমান)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলী-এর কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং-                                                                                     তারিখঃ ১০/০৭/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৪। উপজেলা................................ কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
৫। চেয়ারম্যান, .............................ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৬। অফিস কপি।

(মোঃ হারুন অর রশীদ)
উপজেলা প্রকৌশলী এবং
সদস্য সচিব
উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
বদরগঞ্জ, রংপুর।